গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
লালমনিরহাট
www.cs.lalmonirhat.gov.bd

স্মারক নং- সিএস/লাল/প্রশা/নিয়োগ-২০২৫/১৮১৮ তারিখঃ ২৮/০৯/২০২৫ খ্রি.

**পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি**

স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.১১.০২১.২৩.২৯৮৯ তারিখ-০১.০১.২০২৪খ্রি., স্মারক নং-৪৫.১৩৭.০১১.০০.০০৬.০০৯.২০১৩-৮২৯ তারিখ-১৭.০৪.২০২৪খ্রি. এবং স্মারক নং-৪৫.১৩৭.০১১.০১.০০.০০৩.২০১৩-২৪১৯ তারিখ-২৯.০৭.২০২৫খ্রি. মোতাবেক সিভিল সার্জনের কার্যালয়, লালমনিরহাট ও এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহের স্থায়ী/অস্থায়ী রাজস্ব খাতে ১১-২০ গ্রেড ভুক্ত (পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণি) নিম্নলিখিত শূন্যপদ সমূহে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিক এবং লালমনিরহাট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে http://cslal.teletalk.com.bd ওয়েবসাইট এ অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন ব্যতিত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও জাতীয় বেতন স্কেল ২০১৫ | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | পরিসংখ্যানবিদ | ০৩ (তিন) | গ্রেড-১৪ (১০,২০০-২৪,৬৮০/-) | অনূর্ধ্ব ৩২ বছর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান, গণিত বা অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। |
| ০২ | স্টোর কিপার | ৩ (তিন) | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | অনূর্ধ্ব ৩২ বছর | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) স্টোর কিপার পদধারীগণকে সরকারি বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে। |
| ০৩ | স্বাস্থ্য সহকারী | ৭৬ (ছিয়াত্তর) | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | অনূর্ধ্ব ৩২ বছর | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**শর্তাবলীঃ-**

১। বিশেষ নির্দেশনা :

১.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও লালমনিরহাট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

১.২ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে ২০১৮, ২০২৪ ও ২০২৫খ্রি. সালের নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে আবেদনকারীগণের সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ আইন, বিধি, নীতি ও কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

১.৩ উক্ত নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগবিধি মোতাবেক লিখিত ও মৌখিক (প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক) পরীক্ষার মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে।

১.৪ কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন ও পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১.৫ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঅধি/প্রশা-২/৩য় শ্রেনী নিয়োগ-৪/২০১৮/৬৩৫৪ তারিখ-১১/১২/২০১৮খ্রি. মোতাবেক পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যেসব প্রার্থী স্টোর কিপার ও স্বাস্থ্য সহকারী পদে অনলাইনে আবেদন করেছেন; সিভিল সার্জনের কার্যালয়, লালমনিরহাট এর স্মারক নং-সিএস/লাল/প্রশা/নিয়োগ-২০২৪/১১-২০ গ্রেড জনবল নি:/২০২৪/৮০০ তারিখ-০৫/০৫/২০২৪ খ্রি. মোতাবেক পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যেসব প্রার্থী পরিসংখ্যানবিদ, স্টোর কিপার ও স্বাস্থ্য সহকারী পদে অনলাইনে আবেদন করেছেন তাদের পুনরায় নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। তাদের সকলের আবেদন সঠিক থাকলে গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে এবং তাদের বয়স পূর্বের বিজ্ঞপ্তির তারিখ অনুযায়ী গণনাযোগ্য হবে।

১.৬ প্রার্থীগণ লালমনিরহাট সিভিল সার্জন বরাবরে আবেদন করবেন। একজন প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন । একাধিক পদের বিপরীতে আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে। নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে কোন প্রার্থী কোন অসদুপায় অবলম্বন করলে প্রার্থীর প্রার্থীতা সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১.৭ সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশি নাগরিক হয়ে থাকলে বা বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

১.৮ বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার ও বীরাঙ্গানার সন্তান হিসেবে চাকুরী প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এরূপ সনদপত্র ব্যতিত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার ও বীরাঙ্গানার সন্তান হলে এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক, পৌরসভার প্রশাসক/কাউন্সিলর কর্তৃক সনদ/প্রত্যয়নপত্র দেখাতে হবে।

১.৯ শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে জেলা সমাজ সেবা কার্যালয়ের উপপরিচালক/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদ ও তৃতীয় লিঙ্গের ক্ষেত্রে জেলা সমাজ সেবা কার্যালয়ের উপপরিচালক/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত তালিকাভুক্তির প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১.১০ ক্ষুদ্র নৃগোষ্ঠির প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

১.১১ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় বোর্ডের সম্মুখে সকল কাগজপত্র যেমন-শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কোটার স্বপক্ষে সনদপত্র, অনলাইনের আবেদন কপি, প্রবেশ পত্র, জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ, সকল সনদের মূলকপি এবং এক কপি পাসপোর্ট সাইজের ছবি জমা প্রদান করতে হবে।

১.১২ আবেদনকারীগণকে অনলাইনে আবেদন করতে হবে । ডাকযোগে অথবা সরাসরি আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১.১৩ স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে অনলাইন আবেদনে প্রার্থী যে ইউনিয়ন ও ওয়ার্ডের (পুরাতন ওয়ার্ড) জন্য আবেদন করবেন তাকে সে ইউনিয়ন ও ওয়ার্ডের (পুরাতন ওয়ার্ড) স্থায়ী বাসিন্দা হতে হবে। অন্য ইউনিয়ন বা ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণও আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন বা ওয়ার্ডের যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ইউনিয়ন বা ওয়ার্ডের যোগ্য প্রার্থীকে নির্বাচন করা হবে।

১.১৪ স্বাস্থ্য সহকারী পদে উপজেলা/ইউনিয়ন/ওয়ার্ডভিত্তিক শূণ্য পদের তালিকা সিভিল সার্জন অফিস, লালমনিরহাট এর ওয়েব পোর্টাল www.cs.lalmonirhat.gov.bd) এবং সকল উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

১.১৫ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, সংযোজন, বিয়োজন বাতিল/স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১.১৬ লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২। **বয়সসীমা নির্ধারণ :**

২.১ আবেদনকারীর বয়স ০৭/১০/২০২৫খ্রি. তারিখে সর্বনিম্ন ১৮ (আঠারো) এবং সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর হতে হবে। এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

চলমান পাতা-০২

৩। **নাগরিকত্ব :**

৩.১ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তানুযায়ী স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/প্রশাসক/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র। স্বাস্থ্য সহকারীর ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের নাগরিকত্ব সনদপত্রে অবশ্যই নতুন ও পুরাতন ওয়ার্ড উল্লেখ থাকতে হবে এবং অনলাইনে আবেদন ফরম পূরণ করার সময় পুরাতন ওয়ার্ড নম্বর বসাতে হবে।

৩.২ প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address)যদি ইতিপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সেক্ষেত্রের প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার পক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) বা সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/প্রশাসক/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

৪। **অনলাইন আবেদন পুরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী ও সময়সীমা :-**

৪.১ আগ্রহী প্রার্থীকে http://cslal.teletalk.com.bd এই ওয়েবসাইট এ অনলাইনে প্রকাশিত নির্দেশনা মোতাবেক আবেদন ফরম পূরণ করতে হবে।

i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৭/১০/২০২৫ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা হতে।

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৮/১০/২০২৫ খ্রি. বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত।

iii) উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণকে অনলাইন এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে হবে।

৪.২ অনলাইন এ আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ পিক্সেল) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ পিক্সেল) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষর এর সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

৪.৩) প্রার্থী অনলাইন এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন ।

৪.৪ অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইন এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

৪.৫ **এসএমএস প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ**

অনলাইন এ আবেদনপত্র (Application form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি ও স্বাক্ষর আপলোড করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy ডাউনলোড পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি পেইড মোবাইল নম্বরের মাধ্যমে দুইটি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ০১ হতে ০৩ পর্যন্ত পদের জন্য আবেদন ফি ১০০ টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ১২ টাকা সহ মোট অফেরতযোগ্য ১১২ টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন ।

**প্রথম এসএমএসঃ**

CSLAL<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: CSLAL ABCDEF send to 16222
Reply: Applicant's Name, Tk 112.00 will be charged as application fee. Your PIN is XXXXXXXX. To pay fee Type CSLAL<space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয় এসএমএসঃ**

CSLAL<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: CSLAL YES 12345678 এবং 16222 নম্বরে send করতে হবে।

**Reply SMS:** Congratulations! Applicants's Name, payment completed sucessfully for CSLAL. Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (XXXXXXXX)

৪.৬ অনলাইন এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে 121নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। লিখিত, মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার নোটিশ প্রার্থীদের মোবাইলে SMS এর মাধ্যমে ও ওয়েবসাইট (www.cs.lalmonirhat.gov.bd) এর মাধ্যমে জানানো হবে। এ ছাড়া টেলিটকের জব পোর্টালের ফেসবুকে https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। মেইল/মেসেজ এর সাবজেক্ট এ অর্গানাইজেশন নেমঃ CSLAL, পোস্ট নেমঃ ***, Applicants's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

৪.৭ বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ওয়েবসাইট www.cs.lalmonirhat.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। টেলিটকের জব পোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইট এ প্রবেশ করে বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। উল্লেখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা অনুসরণ করা হবে।

৪.৮ SMS এ প্রেরিত User ID ও Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর ও পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোড পূর্বক রঙ্গিন কপি প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়, এবং উত্তীর্ণ হইলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

৪.৯ শুধুমাত্র টেলিটক প্রিপেইড নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্নিত এসএমএস পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User Id জানা থাকলে
CSLAL<space>HELP<space>USER<space>User Id and send to 16222.
Example: CSLAL HELP USER ABCDEF

ii) PIN Number জানা থাকলে
CSLAL<space>HELP<space>PIN<space>PIN Number and send to 16222.
Example: CSLAL HELP PIN 12345678

৪.১০ **ডিক্লারেশনঃ** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রে ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য ও মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পরলে বা কোন প্রতারণা বা দূর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। নিয়োগ সংক্রান্ত যে কোন নির্দেশনার জন্য সময়ে সময়ে লালমনিরহাট সিভিল সার্জন কার্যালয়ের wave site visit করুন।

৬। অনলাইনে আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ প্রদান করা যাচ্ছে।

২৮.০৯.২০২৫

(ডা. আব্দুল হাকিম)
সিভিল সার্জন, লালমনিরহাট
ও
সদস্য সচিব
১১-২০ গ্রেডের (পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেনী)
জনবল নিয়োগ কমিটি, লালমনিরহাট।

২৮.০৯.২০২৫

পাতা নম্বর-০৩ (তিন)

স্মারক নং- সিএস/লাল/প্রশা/নিয়োগ-২০২৫/১৮১৮/১(৫০) তারিখঃ ২৮/০৯/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ যুগ্ম সচিব (প্রশাসন)।
২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ যুগ্ম সচিব (প্রশাসন)।
৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক (সমন্বয়)।
৪। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়,আগারগাঁও, শের-ই বাংলা নগর,ঢাকা-১২০৭।
৫। পরিচালক (প্রশাসন/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৬। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। উপরোক্ত বিজ্ঞপ্তি খানা স্বাস্থ্য অধিদপ্তর এর ওয়েবসাইট এ প্রকাশ করার জন্য সবিনয় অনুরোধ করা হ'ল।
৭। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), রংপুর বিভাগ, রংপুর।
৮। জেলা প্রশাসক, লালমনিরহাট। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শন এর অনুরোধ সহ)।
৯। সিভিল সার্জন (সকল), রংপুর বিভাগ, রংপুর।
১০। পুলিশ সুপার, লালমনিরহাট। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শন এর অনুরোধ সহ)।
১১। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট,লালমনিরহাট।
১২। সিনিয়র সহকারী সচিব (আইন-১ শাখা),স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। উপ-পরিচালক (সিনিয়র সহকারী সচিব), বাংলাদেশ সরকারি কর্মকমিশন,আঞ্চলিক কার্যালয়,রংপুর।
১৪। উপ পরিচালক, পরিবার পরিকল্পনা, লালমনিরহাট। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিস বোর্ডে প্রদর্শন এর অনুরোধ সহ)
১৫। জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/জেলা তথ্য অফিসার ,লালমনিরহাট। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিস বোর্ডে প্রদর্শন এর অনুরোধ সহ)
১৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিস বোর্ডে প্রদর্শন এর অনুরোধ সহ)
১৭। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা (সকল),লালমনিরহাট। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিস বোর্ডে প্রদর্শন এর অনুরোধ সহ)
১৮। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, লালমনিরহাট।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্সিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং #৩/এ,৫/এ,৭/এ, রোড#১৭, গুলশান-১, ঢাকা-১২১২। (উল্লেখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
২০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। সম্পাদক, ........................................................................................-। উপরোক্ত বিজ্ঞপ্তিখানা আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে সকল সংখ্যায় ০১ (এক) দিন মাত্র প্রকাশ করত: প্রকাশিত পত্রিকার অবিকল কপি ০৫ (পাঁচ) সেট নিম্নস্বাক্ষরকারী বরাবরে জমা প্রদানের জন্য অনুরোধ করা হ'ল।
২২। নোটিশ বোর্ড, অত্র অফিস।
২৩। অফিস কপি।

28.09.2025

(ডা. আব্দুল হাকিম)
সিভিল সার্জন, লালমনিরহাট
ও
সদস্য সচিব
১১-২০ গ্রেডের (পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেনী)
জনবল নিয়োগ কমিটি, লালমনিরহাট।

২৮.০৯.২০২৫